

অতিব জরুরী  
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

[www.mora.gov.bd](http://www.mora.gov.bd)

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১২(অংশ-১)/ ৮-৬০

তারিখ : ২০.০৬.২০১৬ খ্রি.

বিষয় : আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

আসন্ন পৰিব্ৰজা সৈদ-উল-ফিতৱ, ২০১৬ খ্রি. (১৪৩৭ ইজৰী) উদযাপনের লক্ষ্যে সরকারি কৰ্মসূচি নিৰ্ধাৰণকল্পে গত ১৪.০৬.২০১৬ খ্রি. তাৰিখ ৰোজ মঙ্গলবাৰ বেলা ১১:০০ টায় ধৰ্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভাৱপ্ৰাপ্ত সচিব জনাব মো: আব্দুল জিলি -এৰ সভাপতিতে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবৰণী পৰিবৰ্তী প্ৰয়োজনীয় ব্যবস্থা গ্ৰহণেৰ জন্য এতদসঞ্চো প্ৰেৰণ কৰা হ'ল।

(মোঃ আব্দুল হাসান)

সিনিয়র সহকাৰী সচিব

ফোন : ৯৫৬৫০১৯

ফ্যাক্স : ৯৫১২২৮৬

e-mail : [moragovbd@gmail.com](mailto:moragovbd@gmail.com)

বিতৰণ : (জ্যোতিৰ ক্ৰমানুসাৰে নথে)

১. মন্ত্রিপৰিষদ সচিব, মন্ত্রিপৰিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্ৰধানমন্ত্ৰীৰ কাৰ্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রতিৱক্ষ মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেৱে বাংলা নগৰ, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বৰাষ্ট্ৰ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, জনপ্ৰশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অৰ্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্ৰিসিপাল স্টাফ অফিসাৰ, সশস্ত্ৰ বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮. মহা-পুলিশ পৰিদৰ্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদৰ দপ্তৰ, ঢাকা।
৯. সচিব, প্ৰধানমন্ত্ৰীৰ কাৰ্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. সচিব, রাষ্ট্ৰপতিৰ কাৰ্যালয়, বজ্ঞাবন, ঢাকা।
১১. মহামান্য রাষ্ট্ৰপতিৰ সামৰিক সচিব, রাষ্ট্ৰপতিৰ কাৰ্যালয়, বজ্ঞাবন, ঢাকা।
১২. সচিব, পৱৰাষ্ট্ৰ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্ৰাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, বন্দৰ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সড়ক পৰিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ডাক ও টেলিয়োগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, যুব ও ক্ৰীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, স্বাস্থ্য ও পৰিবাৰ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. রেজিস্ট্ৰাৰ জেনারেল, বাংলাদেশ সুপ্ৰিম কোৰ্ট, ঢাকা।
২৮. অতিৰিক্ত মহা-পুলিশ পৰিদৰ্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
২৯. বিভাগীয় কমিশনার.....।

৩০. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।
৩১. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
৩২. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
৩৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩৫. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৬. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৩৮. মহাপরিচালক, জাতীয় ঘানুঘর, শাহবাগ, ঢাকা।
৩৯. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪০. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪১. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৪২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৩. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৪৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৪৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি: বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৪৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৭. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪৮. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৫১. যুগ্ম-সচিব (বাজেট, অডিট ও আইন/উন্নয়ন/হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. জেলা প্রশাসক,
৫৩. সিভিল সার্জন, ঢাকা।
৫৪. উপ-সচিব (হজ/অনুদান, অডিট, হিসাব ও বাজেট/প্রশাসন ও দেবোত্তর), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫৫. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫৬. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫৮. পরিচালক, শিশু একাডেমী, শাহবাগ, ঢাকা।
৫৯. পরিচালক (দ্বিনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
৬০. উপ-পুলিশ কমিশনার, (ট্রাফিক দক্ষিণ), ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।
৬১. সিনিয়র সহকারী সচিব/প্রধান (প্রশাসন-১/হজ-১/পরিকল্পনা-১), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬২. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬৪. সহকারী সচিব (হজ-২/সংস্থা/অনুদান/বাজেট/দেবোত্তর ও অডিট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৫. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬৬. কম্বান্ডার, বাংলাদেশ স্কাউট, ঢাকা বিভাগীয় কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৬৭. মুতাওয়াল্লী/ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০২.১২(অংশ-১)/

তারিখ : ২০.০৬.২০১৬ খ্রি.

#### সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অফিস কপি।

(মোঃ আবুল হাসান)  
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ** আসন্ন ঈদ-উল-ফিতর' ২০১৬ (১৪৩৭ হিজরী) উদযাপন উপলক্ষে ১৪/০৬/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত  
আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদায় ও ভাবগান্তির্মের সাথে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর/ ২০১৬ (১৪৩৭ হিজরী) উদযাপনের প্রস্তুতি গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো: আব্দুল জলিল এর সভাপতিতে গত ১৪/০৬/২০১৬ তারিখ বেলা ১১.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হ'ল।


০২। সভাপতি সভার শুরুতে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহ হতে আগত প্রতিনিধিদের স্বাগত জানান। তিনি পবিত্র ঈদ-উল-ফিতর যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাব-গান্তির্মের সাথে বিগত বছরের ন্যায় উদযাপনের উপর গুরুত আরোপ করেন এবং ঈদ-উল-ফিতর এর জাতীয় কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভা পরিচালনার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মো: শহিদুজ্জামান কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) কার্যপত্র অনুযায়ী কর্মসূচিসমূহ পর্যায়ক্রমে পাঠ করেন এবং একইসাথে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রঃ নং	কর্মসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান।	১.১ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ- উল-ফিতর উপলক্ষে অনুরূপ ব্যবস্থা করতে হবে।	রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/ আপন বিভাগ) এবং পিআইডি, তথ্য মন্ত্রণালয়
	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান।	১.২ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রতি বছর মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ- উল-ফিতর উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতির উদ্দেশ্যে বাণী প্রদানের ব্যবস্থা করতে হবে।	প্রধানমন্ত্রীর কার্যালয়
২	মুসলিম দেশসমূহের কূটনীতিকদের দাওয়াত প্রদান।	২.০ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রতি বছর পররাষ্ট্র মন্ত্রণালয় মুসলিম দেশসমূহের কূটনীতিকদের দাওয়াত প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ- উল-ফিতর উপলক্ষে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পররাষ্ট্র মন্ত্রণালয়
৩	ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে বহল প্রচার হয়ে থাকে। বিগত বছরের ন্যায় এ বছরেও ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুরুষের পাশাপাশি জাতীয় ঈদগাহ ও বায়তুল মোকাররম মসজিদে মহিলাদের নামাজ আদায়ের ব্যবস্থাও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ সরকারী/বে-সরকারী সকল প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা নেয়া হবে।	তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ বেতার বাংলাদেশ টেলিভিশন	
৪	জাতীয় ঈদগাহে প্রধান জামাতের জন্য ইমাম, উপস্থাপক ও ঝারী নিয়োগ।	৪. ইমাম নিয়োগের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন বিশিষ্ট ৫ জন আলেমের একটি তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ৫ জন বিশিষ্ট ঝারী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ৫ জন উপস্থাপকের তালিকাও মন্ত্রণালয়ে প্রেরণ করবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন ঝারী ও একজন বিকল্প ঝারী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক নিয়োগ করবে। ইমাম, ঝারী ও উপস্থাপকগণকে মন্ত্রণালয় থেকে সম্মানী হিসেবে প্রতি বছরের ন্যায় সর্বমোট টাকা ১৫,০০০/- (পনের হাজার) টাকা মঙ্গুরী প্রদানের ব্যবস্থা করা হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন

(চলমান পাতা - ০২)

ক্রঃ নং	কর্মসূচী	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫	ঈদ-উল-ফিতর এর পূর্বে জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ।	<p>৫.ক) ঈদের জামাত যাতে বৃষ্টি বিহ্বলিৎ না হয় সে জন্য জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আর্বজনা পরিষ্কারকরণ সহ যাবতীয় কার্যক্রম সম্পর্ক করতে হবে।</p> <p>৫.খ) জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপল টানাতে হবে।</p> <p>৫.গ) আকাশ মেঘলা থাকলে লাইটিং এর ব্যবস্থা করতে হবে।</p> <p>৫.ঘ) অতিরিক্ত বৃষ্টি হলে পানি সরানোর জন্য গণপূর্ণ বিভাগের পাশাপাশি ওয়াসা পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৫.ঙ) ওয়াসা প্রয়োজনে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগপূর্বক পানি নিষ্কাশনের জন্য যৌথ প্রস্তুতি গ্রহণ করতে পারে। পানি নিষ্কাশনের প্ল্যাট ফরম তৈরী করার জন্য ফায়ার সার্ভিস ও গণপূর্ণ অধিদপ্তর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে।</p>	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গণপূর্ণ অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৬	ঈদ-উল-ফিতর এর প্রধান জামাতের সময় নির্ধারণ ও আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামাতের আয়োজন করা।	<p>৬.(ক) আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঞ্চণ, ঢাকাতে সকাল ৮.৩০ ঘটিকায় ঈদ-উল-ফিতর এর প্রধান জামাতের আয়োজন করা এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামাত সকাল ৯.০০ ঘটিকায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদে আয়োজনের ব্যবস্থা করা হবে।</p> <p>৬.(খ) আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে বা অন্য কোন অনিবার্য কারণে প্রধান ঈদের জামাত বায়তুল মোকাররমে স্থানান্তরের তাংক্ষণিক সিদ্ধান্ত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে আহবায়ক করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, ডিএমপি কমিশনার, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, কেবিনেট ডিভিশন ও তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করা হ'ল। কমিটি প্রধান জামাতের পূর্বে যে কোন সময়ে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য বায়তুল মোকাররমে নামাজের জামাত স্থানান্তরের সিদ্ধান্ত দিতে পারবে।</p> <p>৬.(গ) মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা রাখা হবে এবং মহিলাদের নামাজের স্থান নির্দেশকসূচক প্ল্যাকার্ড দ্বারা টিক্কিত করতে হবে। বিদেশী রাষ্ট্রদূত/কুর্টনীতি এবং তাঁদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই জায়গা সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।</p>	<p>ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, বিভাগীয় কমিশনার, ঢাকা ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন।</p> <p>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, কমিশনার, ঢাকা বিভাগ ইসলামিক ফাউন্ডেশন, কমিশনার, ডিএমপি, আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি ও তথ্য মন্ত্রণালয়।</p> <p>গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।</p>
৭	ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময় সূচি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে/ মেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।	৭. ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বে-সরকারী চ্যানেলগুলোকে অবহিত করবে এবং বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। ইহা ছাড়া ইসলামিক ফাউন্ডেশন প্রধান প্রধান জামাতের সময়সূচি সংক্রান্ত ছোট পুস্তক/লিফলেট প্রচারের ব্যবস্থা করবে। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামাত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা।	তথ্য মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, পিআইডি।
৮	ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন।	<p>৮.(ক) মহামান্য রাষ্ট্রপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ, বিদেশী কুর্টনীতিক, উর্ক্সন সামারিক ও বেসামরিক কর্তৃকর্তা সহ সংশ্লিষ্টদের অভ্যর্থনা জানাতে হবে।</p> <p>৮.(খ) অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি কমিশনার, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা, ডেপুটি কমিশনার, রমনা এর কার্যালয়ের প্রধান/প্রতিনিধি উপস্থিত থাকবেন।</p>	মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, কমিশনার, ডিএমপি, ডিজি, ইসলামিক ফাউন্ডেশন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি, জেলা প্রশাসক, ঢাকা
৯	জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান।	<p>জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঞ্চণ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে নিম্নোক্ত বিষয়ের পাশাপাশি উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে সহায়তা প্রদান করবেঁ।</p> <p>৯.১. প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করা, বিদ্যুৎ ব্যবস্থা বিহ্বলিৎ হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যাক ব্যাটারী/ জেনারেটর- এর ব্যবস্থা রাখা।</p> <p>৯.২. নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করা। সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ ক্ষাটুটদের নিয়োজিত করা যেতে পারে।</p>	<p>গণযোগাযোগ অধিদপ্তর, গণপূর্ণ অধিদপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং লিঃ</p> <p>স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ সদর দপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বাংলাদেশ ক্ষাটুট</p>

(চলমানা - ০৩)



ক্রঃ নং	কর্মসূচী	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		৯.৩ আগত মুসলিমদের গাড়ী পার্কিং-এর ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান। ৯.৪ দুদগাহ মাঠের নির্গমনের রাসআ সহজ গমনযোগ্য রাখার জন্য ভিক্ষুকদেরকে নির্গমনের গেটে/ রাস্তায় ভীড় না করার ব্যবস্থা করা। ৯.৫ অগ্নি নির্বাপণ ব্যবস্থা প্রস্তুত রাখা। ৯.৬ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। ৯.৭ ওজুর পানি ও পাত্র সরবরাহ করা। ৯.৮ মুসলিমগণের অজু করার জন্য সহায়তা প্রদান। অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখতে হবে এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে উপস্থিত রাখতে হবে। ৯.৯ নামাজের বিছানা, চাদোয়া ইত্যাদির বন্দোবস্ত করা। ৯.১০ দুদগাহ ময়দানে জরুরী টেলিফোন সংযোগপূর্বক দুদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। ৯.১১ কেহ হারিয়ে গেলে তাকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করতে হবে এবং মাইকে ঘোষণা করার ব্যবস্থা রাখতে হবে। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সম্বলিত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৯.১২ জাতীয় দুদগাহে দুদের প্রধান জামায়াতের সার্বিক দায়িত্ব পরিচালনা করা। ৯.১৩ দুদের নামাজের শেষে মুসলিমগণের সহজে মাঠ হতে বহিগর্ভের জন্য সুপ্রিম কোর্টের সাথে আলোচনা করে দুদগাহের পূর্ব দিকে আরো ২টি নতুন বিহুগমন পথ স্থাপন করা।	ঢাকা মেট্রোপলিটন পুলিশ ট্রাফিক (দক্ষিণ), ডিএমপি ঢাকা মেট্রোপলিটন পুলিশ ট্রাফিক (দক্ষিণ), ডিএমপি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং লিঃ ঢাকা ওয়াসা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন গণপূর্ত অধিদপ্তর ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, মুতাওয়ালী, হাইকোর্ট মাজার কমিটি এবং ইমাম হাইকোর্ট মাজার মসজিদ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ডাক ও টেলিযোগাযোগ বিভাগ / ব্যবস্থাপনা পরিচালক, বিটসিএল, ঢাকা। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিএমপি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর
১০	দুদের অন্যান্য অনুষ্ঠান (জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সংজ্ঞিত করা ও আলোক সজ্জা করা)।	১০.১ সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন : অতীতের ন্যায় সরকারী ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করবেন। এ বিষয়ে সংশ্লিষ্টরা যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারকে এ বিষয়ে মন্ত্রপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা দিতে হবে। ১০.২ জাতীয় পতাকা ও “সৈদ মোরাবক” (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা বনানী ঢাকা গেইট হতে বঙ্গভবন পর্যন্ত প্রধান সড়ক এবং সড়ক দ্঵ীপ (আইল্যান্ড সমূহ) সংজ্ঞিত করা হবে। রাস্তাগুলো নিম্নরূপঃ হযরত শাহজালাল(রহঃ) বিমান বন্দর হতে সড়কদীপসহ বনানীর ঢাকা গেইট, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র -শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি আই টি এভিনিউ, নর্থ-সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনষ্টিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা মোড় হয়ে বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারিপার্শ্বের রাস্তাসমূহ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও প্রধানমন্ত্রীর সরকারি বাস ভবনের সম্মুখের রাস্তা। ১০.৩ আলোক সজ্জা: দুদের দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবন সমূহে (বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, সুপ্রিম কোর্ট ভবন, পররাষ্ট্র মন্ত্রণালয়, ওসমানী মিলনায়তনে) সীমিত আকারে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। বিশেষ করে বায়তুল মোকাররম মসজিদকে ব্যাপকভাবে আলোকসজ্জা করতে হবে। উপরের ১০.২ ও ১০.৩ এর বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে সড়ক সংজ্ঞিতকরণ এবং আলোক সজ্জার জন্য গত বছরের ন্যায় এ বছরেও মোট ৩,০০,০০০/- (তিনি লক্ষ) টাকা গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে। ১০.৪ তিনি বাহিনীর হেড কোয়ার্টারে এবং সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব ব্যবস্থানায় সীমিত আকারে আলোকসজ্জার ব্যবস্থা করা যেতে পারে।	মন্ত্রপরিষদ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, PID গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর

ক্রঃ নং	কর্মসূচী	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১১	ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার	১১.০ বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচার। ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রকাশ করবে। ঈদের বিশেষ অনুষ্ঠানসমূহে অন্যান্য প্রোগ্রামের পাশাপাশি সাধারণ মধ্যবিত্ত শ্রেণী ও গ্রামের মানুষের বিনোদনের জন্য নতুন আঙ্গিকে উন্নত মানের নতুন প্রোগ্রাম তৈরী করে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ সরকারি-বেসরকারী সকল প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।	তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ বেতার বাংলাদেশ টেলিভিশন
১২	দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু পরিবারে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন ও ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বে সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা	১২.১ দেশের বিভিন্ন সরকারী হাসপাতাল, কারাগার, শিশু পরিবার, ছেটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, সরকারী আশ্রয় কেন্দ্র, শিশু বিকাশ কেন্দ্র, সেফ হোমস্, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুহৃষ্ট কল্যাণ কেন্দ্রে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।  ১২.২ ঈদ-উল-ফিতর এর গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। সম্ভব হলে রেডিও টিভিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা এবং বায়তুল মুকাররম মসজিদে রোজার সময় যে আলোচনা অনুষ্ঠান হয় তা সরাসরি অথবা অংশ বিশেষ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা করা যেতে পারে। তথ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেসরকারী টিভি চ্যানেলগুলোকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে।	শ্বরাষ্ট্র মন্ত্রণালয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সমাজ কল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ বেতার বাংলাদেশ টেলিভিশন ইসলামিক ফাউন্ডেশন
১৩	ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা।	১৩.১ মহানগরীর বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সংগতিশীল ডকুমেন্টারী ফিল্ম/চলচ্চিত্র প্রদর্শন। ডকুমেন্টারী ফিল্ম তৈরীর ক্ষেত্রে অন্যান্য মুসলিম দেশের ধর্মীয় অনুষ্ঠানাদি, রাতি ও রেওয়াজকে গুরুত্ব দিয়ে নতুন আঙ্গিকে নতুন ধারার অনুষ্ঠানমালা তৈরীর অগ্রাধিকার দিতে হবে।  ১৩.২ ঈদের দিন সুবিধা বাস্তিত শিশুদের বিনা টিকেটে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ও ঢাকা উত্তর সিটি করপোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশ এবং বিনোদনের ব্যবস্থা করতে হবে। শিশুদের মধ্যে চকলেট/চিপস বিতরণের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কিছু অর্থিক অনুদান প্রদান করবে।  ১৩.৩ ঈদের দিন সুবিধা বাস্তিত শিশুদের বিনা টিকেটে ঢাকা যাদুঘর, আহসান মঞ্জিল, লালবাগের কেল্লা ইত্যাদি দর্শনীয় স্থান প্রবেশ এবং তা প্রদর্শনের ব্যবস্থা করা।  ১৩.৪ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। নতুন আঙ্গিকে উন্নতমানের প্রোগ্রাম তৈরী করে প্রচারের ব্যবস্থা করা।  ১৩.৫ মহানগরীতে শ্রীতি ফুটবল ম্যাচ ও নোকা বাইচ এর ব্যবস্থা করা।	তথ্য মন্ত্রণালয় গণহোগায়োগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (DFP)  ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ইসলামিক ফাউন্ডেশন
		১৩.৬ বাংলাদেশ শিশু একাডেমীতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা। এ বাবদ বাংলাদেশ শিশু একাডেমীর অনুরূপে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে।  ১৩.৭ ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে আয়োজিত ব্যবস্থা অনুষ্ঠানমালার তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় যাদুঘর কর্তৃপক্ষ
		১৩.৮ বাংলাদেশ দৃতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ- উল- ফিতর উপযাপন এর ব্যবস্থা করতে হবে।  ১৪.২ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাস্তীসমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী।
১৪	বিদেশে অবস্থিত বাংলাদেশ দৃতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ- উল- ফিতর উদযাপন	১৪.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দৃতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ- উল- ফিতর উপযাপন এর ব্যবস্থা করতে হবে।  ১৪.২ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাস্তীসমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা করতে হবে।	ইসলামিক ফাউন্ডেশন
১৫	অন্যান্য	১৫. বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ কর্তৃক জাতীয় কর্মসূচির আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন পূর্বক ঈদ-উল-ফিতর উদযাপন করবেন।  সম্ভব হলে আসন্ন ঈদের কর্মসূচিতে জেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমী ও জেলা প্রশাসনের সম্মিলিত উদ্যোগে শিশুদের জন্য নতুন আঙ্গিকে উন্নত প্রোগ্রাম/ডিজাইন এর ব্যবস্থা করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন

৩। সভাপতি পরিত্র ঈদ-উল-ফিতর উদযাপনের নিমিত্ত সরকারি কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের প্রতি যথাযথ ভূমিকা রাখার আহ্বান জানিয়ে ঈদ উৎসব, নামাজ ও উৎসব সংশ্লিষ্ট অন্যান্য কার্যসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ ও অগ্রিম ঈদের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষরিত/-১৬/০৬/২০১৬

(মো: আব্দুল জলিল)

ভারপ্রাপ্ত সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।